

প্রকাশ : বৃহস্পতিবার, ১২ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ১২ নভেম্বর, ২০১৫ ০০:১১

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

শহর পরিচ্ছন্ন রাখতে বর্জ্য ট্রান্সফার স্টেশন হচ্ছে

----- মেয়র আনিসুল হক

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

নগরীর গণপরিবহন ব্যবস্থা ঢেলে সাজানোর পরিকল্পনা হাতে নিয়েছে ঢাকা উত্তর সিটির মেয়র আনিসুল হক। এরই অংশ হিসেবে তিনি বলেছেন, রাজধানীতে চলাচলকারী ২৮০টি পরিবহন কোম্পানিকে পাঁচ থেকে সাতটি কোম্পানিতে রূপান্তর করা হবে। প্রত্যেক রুটে চলবে একটি করে কোম্পানির বাস। যোগাযোগ ব্যবস্থা নির্বিঘ্নে করতে এই প্রকল্পের সঙ্গে যুক্ত হবে প্রায় ২ হাজার পরিবহন। গতকাল রাজধানীর কড়াইল বস্তি সংলগ্ন

টিএলডিটি ঝিল ও আবর্জনা অপসারণ কার্যক্রমের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, শহর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে ৭২টি বর্জ্য ট্রান্সফার স্টেশন করার কাজ এগিয়ে চলছে। এর মধ্যে ১৪টির কাজ শেষ হয়েছে। আগামী জুনের মধ্যে নগরীতে বিদেশি অধ্যুষিত এলাকা সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসা হবে বলেও জানান তিনি।

৫ লাখ শিশুকে ভিটামিন ক্যাপসুল খাওয়াবে ডিএনসিসি : এদিকে দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে প্রায় ৫ লাখ শিশুকে টার্গেট করে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে অংশ নেবে ডিএনসিসি। গতকাল নগরভবনে এক মতবিনিময় সভায় সংশ্লিষ্টরা জানান, এবার ৬ থেকে ১১ মাস বয়সী ৫৬ হাজার ৪৯৪ জন শিশুকে ১টি করে নীল রঙের ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল এবং ১ থেকে ৫ বছর বয়সী ৩ লাখ ৫১ হাজার ৪০৯ জন শিশুকে ১টি করে লাল রঙের ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়াবে ডিএনসিসি। অস্থায়ী ১ হাজার ৪৫০টি কেন্দ্রসহ মোট ১ হাজার ৪৯৯টি কেন্দ্রে এ ভিটামিন খাওয়ানো হবে। ডিএনসিসির প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল এস এম এম সালেহ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা বি এম এনামুল হক।